

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং - ৪০৬

তারিখঃ ৩১/০৮/২০২৩ খ্রিঃ।

প্রাপক

চেয়ারম্যান..... ইউনিয়ন পাংশা, রাজবাড়ী।

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে মাসকলাই ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য প্রনোদনা কর্মসূচীর আওতায় সুবিধাভোগী চাষীদের অগ্রাধিকার তালিকা প্রেরণ প্রসংগে।

সূত্রঃ- কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৪৩ তারিখঃ- ২১/০৮/২০২৩ খ্রিঃ ও জেলা প্রশাসক রাজবাড়ী মহোদয়ের স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.১৮.০২.২৩/৫৬৫ তারিখঃ- ২৭/০৮/২০২৩ খ্রিঃ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে মাসকলাই ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য প্রনোদনা কর্মসূচীর আওতায় আবাদী এলাকা সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কর্মসূচীর আওতায় অত্র উপজেলার অনুকূলে মাসকলাই ফসলের বরাদ্দ পাওয়া গিয়েছে। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রাজবাড়ী'র নির্দেশনার আলোকে ৫ ইউনিয়নের ফসল আবাদ ও উপযোগিতার ভিত্তিতে ফসল ওয়ারী নিম্নোক্ত ভাবে বিভাজন করা হয়েছে। উল্লেখিত বিভাজন অনুযায়ী আগামী ০৪/০৯/২০২৩ তারিখের মধ্যে ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত কৃষকের তালিকা সফট কপিসহ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা দেয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। এখানে আরো উল্লেখ্য যে উক্ত তালিকা প্রনোয়নে ও উপকরণ বিতরণে উদ্বৃত্তন কর্তৃপক্ষের জোর তাগিদ রয়েছে। ০৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে কৃষকের অগ্রাধিকার তালিকা জমা না দিলে দেরিতে তালিকা জমা দিলে মাসকলাই আবাদ বিলম্বিত হবে এবং কাঙ্ক্ষিত উৎপাদন সম্ভব হবে না কৃষকগণের ক্ষতি সাধিত হবে।


ক্রঃনং	ইউনিয়নের নাম	কৃষক সংখ্যা/ বিঘা	মন্তব্য
১	২	৩	৪
০১	হাবাসপুর	১০	
০২	যশাই	০৫	
০৩	মাছপাড়া	১০	
০৪	কসবামাজাইল	১০	
০৫	বাবুপাড়া	০৫	
	মোটঃ-	৪০	

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

৩। সচিব (সংশ্লিষ্ট ইউনিয়ন) আপনাকে তালিকা প্রস্তুত করতে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

৪। অফিস নথি।


৩১.০৮.২০২৩

(রতন কুমার ঘোষ)

উপজেলা কৃষি অফিসার

পাংশা, রাজবাড়ী

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

পাংশা, রাজবাড়ী।